আজকের কাগজ

তারিখ 11 MAR 1996
পৃষ্ঠা ৮ কলাম ৫

লাখ লাখ টাকার দুর্নীতি

# ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ অডিট ম্যানুয়েল লংঘন

তারিক রিজভী ঃ ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসনের দুর্নীতি চরম অবস্থায় পৌছেছে। সাম্প্রতিককালে কতিপয় কর্তাব্যক্তির ইচ্ছায় বিশ্ববিদ্যালয়ের অডিট ম্যানুয়েল লংঘন করা হচ্ছে এবং কোনো রকম অডিট ছাড়াই ভ্রমণ ভাতা বাবদ লাখ লাখ টাকা পরিশোধ করা হচ্ছে।

একটি সূত্রে জানা যায়, গত ২৭ মার্চ '৯৫ বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক সভা থেকে ভ্রমণ ভাতার হার বৃদ্ধি করা হয়। নিয়মানুযায়ী যেকোনো ভাতা বৃদ্ধির ক্ষেত্রে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার অনুমতি নিতে হবে। সিন্ডিকেটের সভা থেকে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের সঙ্গে কোনো রকম আলোচনা ছাড়াই বর্ধিতহারে ভ্রমণ ভাতা বিল পাস করা হয়। এ অবস্থায় স্থানীয় ও রাজস্ব অডিট অধিদফতর বর্ধিতহারে ভ্রমণ ভাতা বিল পাসে অপারগতা প্রকাশ করেন। ১৯৭৫ সালের এ্যাক্ট ৩২ অনুযায়ী যেকোনো বেতন ভাতা বৃদ্ধিতে সরকারি অনুমোদন নিতেই হবে। যা শিক্ষা মন্ত্রণালয়, চ্যান্সেলরের ২৬ ডিসেম্বর '৯৪ তারিখের ৩৫৪ সংখ্যক স্মারকের 'ছ' অনুচ্ছেদে উল্লেখ আছে। সিন্ডিকেটের সভাটি শিক্ষা মন্ত্রণালয়ের এই নিয়মটিকে কোনো রকম তোয়াক্কা না করেই বর্ধিত হারে ভ্রমন ভাতা প্রদানের বিল পাস করেন।

বর্তমানে কতিপয় ব্যক্তি সিন্ডিকেটের সেই সভার সিদ্ধান্ত অনুযায়ী অডিট আপত্তির পরও অডিট ম্যানুয়েল লংঘন করছে এবং স্থানীয় ও রাজস্ব অডিট অধিদফতর, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা কর্তৃক অডিট ছাড়াই বর্ধিতহারে ভ্রমণ ভাতা বিল পরিশোধ করছেন। সিন্ডিকেটের সভা থেকে গৃহীত এ ধরনের সিদ্ধান্ত এবং তার যথেচ্ছা ব্যবহার লোকাল অডিট ম্যানুয়েলের ২১০ ধারার সম্পূর্ণ পরিপন্থী।

এ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সরকারি অডিট শাখার সঙ্গে যোগাযোগ করা হলে, অডিট শাখা ঘটনার সত্যতা স্বীকার করেন।